



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৬ ডিসেম্বর ২০২২, শুক্রবার 'মহান বিজয় দিবস-২০২২' উপলক্ষে সকালে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর, জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য (ভারপ্রাপ্ত) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতির পক্ষ হতে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-এর প্রভোস্ট অধ্যাপক ড. শামীমা বেগম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



কামাল, পরিচালক (ছাত্র-কল্যাণ) অধ্যাপক ড. আইনুল ইসলাম, পরিচালক (অর্থ ও হিসাব) অধ্যাপক ড. কাজী নাসির উদ্দীন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা সমিতির সভাপতি জনাব মোঃ জহুরুল ইসলাম ও সাধারণ সম্পাদক জনাব মোঃ আব্দুল কাদের, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাম্পাসে প্রত্যাবর্তনের পর দিনব্যাপী বিভিন্ন মুক্তিযুদ্ধ ও দেশাত্ত্ববোধক গান পরিবেশিত হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

এদিকে, বিকাল ৩টায় সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হচ্ছে। অনুষ্ঠানে সংগীত বিভাগের পরিবেশনা, সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠীর পরিবেশনা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ব্যান্ড দলের অংশগ্রহণে ব্যান্ড সংগীত উল্লেখ্য। এছাড়া চারুকলা বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নিচতলায় গত ১৪ ডিসেম্বর শুরু হওয়া 'আলোকচিত্র ডকুমেন্টেশন ও স্থাপনা প্রদর্শনী'টি আজ সকলের জন্য উন্মুক্ত ছিল এবং প্রদর্শনীটি ২০ ডিসেম্বর পর্যন্ত চলবে।